আজকের কাগজ

আজকের কাগজ

২

তারিখ 04 APR 1992
পৃষ্ঠা ১ কলাম ৫

৩

# রাজশাহী বোর্ড ৪৮৮৫ জন উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীকে শাস্তি দিয়েছে

রাজশাহী মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড কর্তৃপক্ষ ১৯৯১ সালে অনুষ্ঠিত এইচএসসি পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে অভিযুক্ত ৪ হাজার ৮শত ৮৫ জন পরীক্ষার্থীকে শাস্তি দিয়েছে।

সম্প্রতি বোর্ডের শৃংখলা বিধান কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী এসব পরীক্ষার্থীদের বিরুদ্ধে অসদুপায় অবলম্বন ও নিয়ম-শৃংখলা লংঘনের প্রাপ্ত অভিযোগ নিঃসন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় এ শাস্তি প্রদান করা হয়।

এদের মধ্যে ৩ হাজার ৩শ' ২২ জন পরীক্ষার্থীর ১৯৯১ সালের পরীক্ষা বাতিল করা হয়। তারা ইচ্ছে করলে নিজ নিজ কলেজের মাধ্যমে ১৯৯২ সালে অনুষ্ঠিত এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। বাকি ১ হাজার ৪শ' ৭৬ জন পরীক্ষার্থীর ১৯৯১ সালের পরীক্ষা বাতিলসহ ১৯৯২ সালের পরীক্ষা দান থেকে বিরত রাখা হয়েছে। ৮৭ জন পরীক্ষার্থীকে অনুরূপ শাস্তি প্রদানসহ ১৯৯৩ সাল পর্যন্ত পরীক্ষায় অংশগ্রহণ থেকে বঞ্চিত করে সর্বোচ্চ শাস্তি প্রদান করা হয়েছে।

রাজশাহী থেকে আইনুল হক